

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৬৩

আমবাসা, ১৪ নভেম্বর, ২০২৩

### বিকশিত ভারত সংকল্প যাত্রা

#### আমবাসায় ভ্রাম্যমান প্রচার বাহনের সূচনা করবেন রাজ্যপাল

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগামীকাল সকালে আমবাসায় বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচিতে সরকারি প্রকল্প ও পরিষেবা সমূহের তথ্য সমৃদ্ধ ভ্রাম্যমান প্রচার বাহনের সূচনা করবেন। এই ভ্রাম্যমান প্রচার বাহন কুলাই আর এফ ও রাইপাশা ভিসির বিভিন্ন এলাকা পরিক্রমা করবে। আজ বিকেলে এক সাংবাদিক সম্মেলনে ধলাই জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, বিকশিত ভারত সংকল্প যাত্রার পাশাপাশি এদিন ধলাই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানেরও সূচনা হবে।

\*\*\*\*\*